

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩(অংশ-১)-৭৩৪

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫
২২ মে ২০১৮

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০১৭-১৮ অর্থ বছরের আরএডিপিতে 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতের 'বিশেষ উপ-খাত' হতে বিশেষ প্রকল্পের বিপরীতে রক্ষিত অর্থ হতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে ৮.০০ কোটি (আট কোটি) টাকা অবমুক্তকরণ প্রসংগে।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হইয়া অর্থ বিভাগের ৩০.০৮.২০০০ তারিখের সম/অবি/উঃ-১/বিবিধ-৪৬/৯৭/৪৬৯ নম্বর স্মারকের মাধ্যমে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগকে প্রদত্ত ক্ষমতাবলে ২০১৭-২০১৮ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটে সিটি কর্পোরেশনসমূহের জন্য বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে অনুমোদিত বিভাজনে 'বিশেষ উপ-খাত' হতে বিশেষ প্রকল্পের বিপরীতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে নিম্নবর্ণিত ০৩ (তিন) টি প্রকল্প বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত শর্তে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে ৮.০০ (আট) কোটি টাকা অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

ক্র: নং	প্রকল্পের নাম
১.	৪নং ওয়ার্ড বাসাবো খেলার মাঠ সংলগ্ন বাসাবো তরুণ সংঘের ভবন নির্মাণ, সবুজবাগ, ঢাকা।
২.	৫নং ওয়ার্ড বালুর মাঠ এলাকায় কদমতলা সংসদ সংলগ্ন জায়গায় কমিউনিটি সেন্টার নির্মাণ, সবুজবাগ, ঢাকা।
৩.	৭নং ওয়ার্ড মানিকনগর ও বিশ্বরোডের পার্শ্বে বরাদ্দকৃত জমিতে কমিউনিটি সেন্টার নির্মাণ, মুগদা, ঢাকা।

- ২। এই ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বৎসরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৩, হিসাবের খাত ৫-৩৭০১-৭৪৬০-৭২৩১/৭৯৮১ সিটি কর্পোরেশনসমূহের জন্য থোক বরাদ্দ-মূলধন খাতে বরাদ্দকৃত ৪০০.০০ কোটি (চারশত কোটি) টাকা হতে মিটানো হবে।
- ৩। এই অর্থ ছাড় করণে অর্থ বিভাগের ০৮ মার্চ ২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-১০২ নম্বর স্মারক এবং ২৩/০৪/২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৩.২০১১-২০৩ নং স্মারকে নিম্নোক্ত শর্তে সম্মতি প্রদান করা হয়েছেঃ
- (ক) প্রকল্পের প্রাক্কলন প্রত্যুত করে ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPR'২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- (খ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- (গ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ ৩০ জুন ২০১৮ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা দিতে হবে; এবং
- (ঘ) নির্দিষ্ট উন্নয়ন প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে এই অর্থ কোন অবস্থাতেই ব্যয় করা যাবে না।
- ৪। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরিকৃত অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। তিনি এই অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি বিধান পালন করবেন।

(মোঃ মাহমুদুল আলম)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০০৮.০২৯.১৩(অংশ-১)-৭৩৪(১/৮)

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৫
২২ মে ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: উপসচিব (বাজেট-১১)]।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৫. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৬. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা জেলা, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
৮. অফিস কপি।

(মোঃ মাহমুদুল আলম)